কানাইঘাটে কৃষকদের মাঝে পেঁয়াজ প্রদর্শনীর উপকরণ বিতরণ

প্রতিনিধি, কানাইঘাট:

২০২০-২১ অর্থ বছরে কানাইঘাট উপজেলা পরিষদের এডিপির বাজেটের আওতায় উপজেলা কৃষি অফিসের উদ্যোগে পেঁয়াজ প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

এ উপলক্ষ্যে সোমবার সকাল সাড়ে ১১টায় উপজেলা সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী।

নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জীর সভাপতিত্বে ও কৃষি কর্মকর্তা তানভীর আহমদ সরকারের পরিচালনায় এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যক্ষ সিরাজুল ইসলাম, বড়চতুল ইউপি চেয়ারম্যান মাও. আবুল হোসেন, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা স্বপন কুমার দাস। বক্তব্য রাখেন-উপজেলা ছাত্রলীগের সভাপতি এম. আখতার হোসেন ও পৌর ছাত্রলীগের সভাপতি নোমান আহমদ রোমান।

প্রথমবারের মতো পেঁয়াজ চাষে উদ্বুদ্ধ করার জন্য ১২জন কৃষকের মধ্যে ৪০০ গ্রাম করে উন্নত জাতের পেঁয়াজের বীজ ও সার, বালাইনাশক, সাইনবোর্ড, বিতরণ করা হয়।

উপজেলা চেয়ারম্যান মুমিন চৌধুরী ও নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জী বলেন, পেঁয়াজের দাম অনেকটা বেড়ে যাওয়ায় কৃষকদের পেঁয়াজ চাষে উদ্বুদ্ধ করতে হবে। কানাইঘাটের মাটি পেঁয়াজ চাষের জন্য উপযোগী রয়েছে। অন্যান্য সবজির মতো পেঁয়াজ চাষ করে কৃষকদের স্বাবলম্বি হওয়ার জন্য তারা আহ্বান জানান।

উপজেলা কৃষি কর্মকর্তা তানভীর আহমদ সরকার জানান, প্রথমবারের মতো ১২জন কৃষককে পেঁয়াজের বীজ দেয়া হয়েছে। সার্বিক বিষয়টি আমরা কৃষি অফিসের উদ্যোগে তদারকি করব। পেঁয়াজের ফলন ভালো হলে আগামী বছর যাতে করে আরো বেশি পরিমাণে কৃষকরা পেঁয়াজ চাষ করতে পারেন কৃষকদেরকে সে ব্যাপারে উব্দুদ্ধ করবো আমরা।